# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

পূর্ণমান: ১০০ ইউনিট B (মানবিক শাখা) সময়: ১ ঘণ্টা

## বাংলা-৩৫

1. অসমাপ্ত আত্মজীবনীতে কত সাল পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের ঘটনাবলি স্থান পেয়েছে?
(ক) ১৯৫৮ (খ) ১৯৫৫✓ (গ) ১৯৬৯ (ঘ) ১৯৭০

ব্যাখ্যাঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে ১৯২০ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত তার রাজনৈতিক ও পারিবারিক জীবনের নানান ঘটনাবলির বিবরণ পাওয়া যায়।

2. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাত থেকে নক্ষত্রের মতো কী ঝরছে?
(ক) বর্ণমালা✓ (খ) পতাকা
(গ) বন্দুকের গুলি (ঘ) রক্ত

ব্যাখ্যা ঃ দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা'
শামসুর রাহমান রচিত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের হাতে নক্ষত্রের মতো বর্ণমালা ঝড়ে পড়ার কথা বলা হয়েছে।

3. মাঠে পাকা ধান দেখে যাদের মনে ভক্তিভাব জেগে ওঠে মজিদের দৃষ্টিতে তারা কীসের পূজারী?
(ক) ভূত✓ (খ) পীর (গ) মাঠ (ঘ) ফসল

ব্যাখ্যা ঃ লালসালু উপন্যাস থেকে জানা যায় 'মজিদ বলে, মাঠভরা ধান দেখে যাদের মনে মাটির প্রতি পূজার ভাব জাগে তারা ভূত পূজারী। তারা গুনাগার।' মূলত এই লাইনটি দ্বারা মাঠে পাকা ধান দেখে মাটির প্রতি মমত্ববোধের বিষয়টি সম্পর্কে মজিদের বিরূপ ধারণা প্রকাশ পায়।

4. কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস নয়?
(ক) বাঁধন হারা (খ) মৃত্যুক্ষুধা
(গ) কুহেলিকা (ঘ) ব্যথার দান✓

ব্যাখ্যা ঃ কাজী নজরুল ইসলামের সাহিত্য সাধনাঃ

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | অগ্নিবীণা, বিষের বাঁশী, ভাঙ্গার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, প্রলয় শিখা, দোলনচাঁপা, ছায়ানট, সিন্ধু-হিন্দোল, চক্রবাক, নতুন চাঁদ, ঝিঙেফুল, চন্দ্রবিন্দু ইত্যাদি। |
| উপন্যাস | বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা ইত্যাদি। |
| প্রবন্ধগ্রন্থ | রাজবন্দীর জবানবন্দী, যুগ-বাণী, ধূমকেতু, রুদ্র-মঙ্গল, দুর্দিনের যাত্রী ইত্যাদি। |
| গল্পগ্রন্থ | ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা, জিনের বাদশা ইত্যাদি। |
| নাটক | ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা, রক্তকমল, মহুয়া, জাহাঙ্গীর, কারাগার ইত্যাদি। |
| জীবনী গ্রন্থ | মরুভাস্কর (হযরত মুহাম্মদ 'সাঃ'-এর জীবনী গ্রন্থ) |
| অনুবাদ | রুবাইয়াত-ই-হাফিজ, রুবাইয়াত-ই-ওমর খৈয়াম, কাব্যে আম পারা। |
| গানের সংকলন | বুলবুলি, চোখের চাতক, চন্দ্রবিন্দু, নজরুল গীতি, সুরলিপি, গানের মালা, চিত্তনামা ইত্যাদি। |
| সম্পাদিত পত্রিকা | ধূমকেতু, লাঙ্গল, দৈনিক নবযুগ। |

5. সিরাজ-উদ্-দৌলা নাটকে ঘসেটি বেগমের পালক পুত্রের নাম কী?
(ক) মীর মীরন (খ) মীর জুমলা
(গ) একরামউদ্দৌলা✓ (ঘ) শওকত জং

ব্যাখ্যাঃ সিরাজ-উদ্-দৌলা নাটকে ঘসেটি বেগমের পালক পুত্রের নাম একরামউদ্দৌলা।

6. বাংলাদেশ জাতীয় জাদুঘর কত সালে শুরু করে?
(ক) ১৯১৩✓ (খ) ১৯১৫ (গ) ১৯২১ (ঘ) ১৯২৩

ব্যাখ্যা ঃ 'বাংলাদেশ জাতীয় জাদুঘর' বাংলাদেশের রাজধানী ঢাকা শহরে অবস্থিত জাতীয় জাদুঘর। এটি ২০, মার্চ ১৯১৩ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়, এবং ৭ আগস্ট, ১৯১৩ খ্রিষ্টাব্দে এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ১৯৮৩ খ্রিষ্টাব্দের ১৭ নভেম্বর তারিখে এটিকে জাতীয় জাদুঘরের মর্যাদা দেয়া হয়।

7. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ নয়?
(ক) মতিচূর (খ) পদ্মরাগ
(গ) সুলতানার স্বপ্ন (ঘ) উদাত্ত পৃথিবী✓

ব্যাখ্যা ঃ বেগম সাখাওয়াত হোসেন রচিত ঃ মতিচূর (১৯০৪), পদ্মরাগ (১৯২৪), সুলতানার স্বপ্ন (১৯০৫)। উদাত্ত পৃথিবীর সুফিয়া কামাল রচিত কাব্যগ্রন্থ।

8. বৃক্ষ কীসের ইঙ্গিত দেয়?
(ক) বৃদ্ধি ও আশ্রয় (খ) ছায়া ও প্রশান্তি
(গ) বৃদ্ধি ও প্রশান্তি✓ (ঘ) সম্পদ ও উদারতা

ব্যাখ্যা ঃ মোতাহের হোসেন চৌধুরী রচিত 'জীবন ও বৃক্ষ' রচনা থেকে জানা যায়: 'বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা নয়-প্রশান্তিরও ইঙ্গিত'।

9. রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?
(ক) গীতাঞ্জলি (খ) জন্মদিনে✓ (গ) বলাকা (ঘ) চিত্রা

ব্যাখ্যা ঃ সমিল প্রবাহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত 'ঐকতান' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিন' কাব্য গ্রন্থ থেকে নেওয়া হয়েছে। ১৩৪৭ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যা 'প্রবাসী'তে কবিতাটি 'ঐক্যতান'- নামে প্রথম প্রকাশিত হয়।

10. 'আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী। তাই না?- এখানে আব্বুর নাম কী?
(ক) সাত্তার মৃধা (খ) নূরুল হুদা✓
(গ) আফাজ আহমদ (ঘ) নূরুল আহমদ

11. '.......অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই'- উক্তিটি কার?
(ক) কমলাকান্ত (খ) মার্জার✓
(গ) কালীকান্ত চট্টোপাধ্যায় (ঘ) কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা ঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিড়াল' রচনায় মার্জারে মন্তব্যের অংশবিশেষ হলো: 'পাঁচ শত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচ শত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে তাহার খাইয়া যাহা বাহিয়ে পড়ে, তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয়, তবে দরিদ্র অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে; কেননা, অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই।'



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

12. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মেঘনাদবধ কাব্যের কোন সর্গ থেকে নেয়া হয়েছে?
(ক) দ্বিতীয় (খ) চতুর্থ (গ) ষষ্ঠ✓ (ঘ) অষ্টম

ব্যাখ্যা ঃ ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে সংকলিত হয়েছে।

13. 'সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর'- কী নাম তার?
(ক) শঙ্খমালা✓ (খ) বনলতা (গ) সবিতা (ঘ) সুরঞ্জনা

ব্যাখ্যা ঃ যেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের পর-
শঙ্খমালা নাম তার: এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে তুমি পাবে নাকো- বিশালাক্ষী দিয়েছিল বর
উক্ত লাইনগুলো জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যভুক্ত 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার অংশবিশেষ।

14. মজিদকে প্রথমবার দেখে জমিলা কী ভেবেছিল?
(ক) বর (খ) ঘটক (গ) শ্বশুড়✓ (ঘ) মৌলভি

ব্যাখ্যা ঃ সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাস হতে মজিদ ও রহিমাকে প্রথমবার দেখার পর জমিলার বর্ণনা ছিল: '...কারণ কী আমি ভাবলাম, তানি বুঝি দুলার বাপ। আর-হঠাৎ আবার হাসির একটা গমক আসে, তবু নিজেকে সংযত করে সে বলে- আর, এইখানে তোমারে দেইখা ভাবলাম তুমি বুঝি শাশুড়ি।'

15. গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কী ধরনের সূচনা?
(ক) স্মৃতিনির্ভর (খ) সংলাপনির্ভর✓
(গ) বর্ণনামূলক (ঘ) উপদেশমূলক

ব্যাখ্যা ঃ তাহাইরে পড়ে মনে কবিতাটি গঠনরীতির দিক থেকে সংলাপধর্মী। এই কবিতায় কবি প্রিয়জন হারানোর বেদনাবিধুর সুর বেজে উঠেছে।

16. 'সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান' হচ্ছে-
(ক) মুক্তিযুদ্ধ (খ) কবিতা✓
(গ) নাটক (ঘ) ভাষা-আন্দোলন

ব্যাখ্যা ঃ আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার অংশবিশেষ: সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা/সুপুরুষ ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা'।

17. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'প্রাণের জাহজ' দ্বারা কী বোঝায়?
(ক) জনতা ও গণতন্ত্র (খ) জনসম্পদ ও প্রকৃতি
(গ) জনতা ও জাতিসত্তা (ঘ) জনতা ও জনসম্পদ✓

ব্যাখ্যা ঃ দিলওয়ার রচিত 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'প্রাণের জাহাজ' বলতে জনতা ও জনসম্পদকে বুঝিয়েছে।

18. নূরুলদীন কোন অঞ্চলের কৃষকনেতা ছিলেন?
(ক) ফরিদপুর-বরিশাল (খ) রংপুর-দিনাজপুর✓
(গ) নওগাঁ-চাঁপাইনবাবগঞ্জ (ঘ) সিলেট-কুমিল্লা

ব্যাখ্যা ঃ সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের সারাজীবন' কাব্যনাট্যের প্রস্তাবনা অংশ 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় রংপুর-দিনাজপুর অঞ্চলে সামন্তবাদ-সাম্রাজ্যবাদবিরোধী সাহসী কৃষকনেতা নূরলদীনের সংগ্রামের কথা ইতিহাসে লিপিবদ্ধ হয়েছে।

19. কোনটি 'সড়গড়' শব্দের অর্থ নয়?
(ক) স্মৃতিগত (খ) অভ্যস্ত (গ) অসংগত✓ (ঘ) রপ্ত

ব্যাখ্যা ঃ কিছু গুরুত্বপূর্ণ শব্দার্থ-

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| ক্রন্দসী | আকাশ ও পৃথিবী | তোয় | জল |
| অংশু | কিরণ | অন্তরীক্ষ | আকাশ |
| হিমাংশু | চন্দ্র | লোচন | চক্ষু |
| দম্ভোলি | বজ্র | দামিনী | বিদ্যুৎ |
| জীমুত | মেঘ | যামিনী | রাত্রি |

20. 'আহ্বান' গল্পে বুড়ি কে?
(ক) জমির করাতির স্ত্রী✓ (খ) চক্কোত্তি মশায়ের স্ত্রী
(গ) আবেদালির মা (ঘ) শুকুর মিঞার মা

ব্যাখ্যা ঃ বিভূতিভূষণ বন্দোপাধ্যায় রচিত আহ্বান গল্পের মূল চরিত্র বুড়ি ছিল জমির করাতির স্ত্রী।

21. 'trilogy' এর পরিভাষা কী?
(ক) রচনাবলি (খ) ত্রয়ী✓ (গ) গাঁথা (ঘ) গতিকা

ব্যাখ্যা ঃ কয়েকটি গুরুত্বপূর্ণ পরিভাষা ঃ-

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Allotment | বরাদ্দ | Attestation | প্রত্যয়ন |
| Bio-data | জীবন-বৃত্তান্ত | Biography | জীবনচরিত |
| Blueprint | নীলনকশা | Copyright | লেখস্বত্ব |
| Deed | দলিল | Deputation | প্রেষণ |
| Dialect | উপভাষা | Embargo | নিষেধাজ্ঞা |
| Fiction | রূপকথা | File | নথি |

22. কোনটি ফারসি উপসর্গ?
(ক) হর (খ) আম (গ) নিম✓ (ঘ) সাব

ব্যাখ্যা ঃ
ফারসি উপসর্গ

| উপসর্গ | যে অর্থে প্রযুক্ত | উদাহরণ |
|---|---|---|
| গর | না, অনুপস্থিত | গররাজি, গরমিল ইত্যাদি। |
| না | অভাব | না-মঞ্জুর, নাচার, নাখোশ ইত্যাদি। |
| নিম্ | ঈষৎ | নিমরাজি, নিমমোল্লা ইত্যাদি। |
| ফি | প্রত্যেক | ফি-রোজ, ফি-দিন, ফি-বছর ইত্যাদি। |
| ব | সহিত | বমাল, বকলম, বদৌলত ইত্যাদি। |
| বা | সহিত | বামাল, বা-অজু ইত্যাদি। |
| বাজে | তুচ্ছ,নিকৃষ্ট, ফালতু | বাজে কথা, বাজে খরচ, বাজে মাল ইত্যাদি |
| বে | না | বে-লেহাজ, বেবন্ত্র, বেশরম ইত্যাদি। |
| সে | তিন | সেতার ইত্যাদি। |
| হর | প্রত্যেক | হররোজ, হরদিন ইত্যাদি। |

জেনে রাখা ভালোঃ
আরবি উপসর্গ

| উপসর্গ | যে অর্থে প্রযুক্ত | উদাহরণ |
|---|---|---|
| আম্ | সাধারণ | আমদরবার, আমমোক্তার |
| খাস্ | বিশেষ | খাসমহল, খাসখবর, খাসদরবার, খাসদখল |
| লা | না | লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা |
| গর্ | অভাব | গরমিল, গরহাজির, গরবাজি |
| বাজে | বিবিধ অপ্রয়োজনীয় | বাজে খরচ, বাজে কথা, বাজে জমা |
| খয়ের | ভালো | খয়ের খাঁ, (মঙ্গলাকাঙ্ক্ষী; বাগধারায় তোষামোদকারী) |

ইংরেজি উপসর্গ

| উপসর্গ | যে অর্থে প্রযুক্ত | উদাহরণ |
|---|---|---|
| হাফ | অর্ধেক | হাফহাতা, হাফদিন, হাফসেলাই ইত্যাদি। |
| ফুল | পূর্ণ | ফুলসার্ট, ফুলমোজা ইত্যাদি। |
| হেড | প্রধান | হেড পণ্ডিত, হেডমাষ্টার ইত্যাদি। |
| সাব | অধীন বা উপ | সাবজজ, সাব ডেপুটি ইত্যাদি। |



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

23. কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি নয়?
(ক) কল কল (খ) টন টন (গ) ঝম ঝম (ঘ) লাল লাল✓

ব্যাখ্যা: অনুকার অব্যয়: যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় তা অনুকার অব্যয়। যেমন:
বজ্রের ধ্বনি: কড় কড় মেঘের গর্জন: গুড় গুড় বৃষ্টির তুমুল শব্দ: ঝম ঝম সিংহের গর্জন: গর গর।
স্রোতের ধ্বনি: কল কল ঘোড়ার ডাক: চিহি চিহি বাতাসের গতি : শন শন কাকের ডাক: কা কা
শুষ্ক পাতার শব্দ : মর মর কোকিলের ডাক: কুহু কুহু নূপুরের আওয়াজ: রুম ঝুম চুড়ির শব্দ: টুং টাং

24. বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে কোন ধ্বনির ব্যবহারের প্রয়োজন নেই?
(ক) শ (খ) স (গ) ষ✓ (ঘ) য়

ব্যাখ্যা: বিদেশি শব্দের ক্ষেত্রে 'ষ' ব্যবহারের প্রয়োজন নেই। যেমন: কিশমিশ,, নাশতা, পোশাক, বেহেশ্‌ত, শখ, শয়তান, শরবত, শরম, শহর, শামিয়ানা, শার্ট, শৌখিন;
আপস, জিনিস, মসলা, সন, সাদা, সাল (বৎসর), স্মার্ট, হিসাব; স্টল, স্টাইল, স্টিমার, স্ট্রিট, স্টুডিয়ো, স্টেশন, স্টোর। ইসলাম, তসলিম, মুসলমান, মুসলিম, সালাত, সালাম; এশা, শাওয়াল (হিজরি মাস), শাবান (হিজরি মাস)।

25. মাসের শেষ দিনকে এক কথায় কী বলা হয়?
(ক) একাদশী (খ) মাসান্ত (গ) প্রতিপদ (ঘ) সংক্রান্তি✓

ব্যাখ্যা: বাংলা মাসের শেষ দিনকে এক কথায় সংক্রান্তি বলা হয়।

26. মনু + ষ্ণ এর মূল ভাব কোনটি?
(ক) মানব✓ (খ) মানুষ (গ) মনুষ্য (ঘ) মনসা

ব্যাখ্যা: মনু + ষ্ণ = মানব (সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত)। এরূপ- যাদব (যদু + ষ্ণ), শৈশব (শিশু + ষ্ণ), কৈশোর (কিশোর + ষ্ণ)।

27. বাগ্‌যন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি?
(ক) কণ্ঠনালী (খ) জিহ্বা✓ (গ) তালু (ঘ) দাঁত

ব্যাখ্যা: ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগযন্ত্র বলে। মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগযন্ত্রের অন্তর্ভুক্ত। বাগযন্ত্রের মধ্যে জিভ সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ।

28. 'চৌঠা' কোন বাচক শব্দ?
(ক) অঙ্গবাচক (খ) তারিখবাচক✓ (গ) পূরণবাচক (ঘ) গণনাবাচক

ব্যাখ্যা:

| | |
|---|---|
| পুরণবাচক | প্রথম, দ্বিতীয়, তৃতীয়, একাদশ, দ্বাদশ, ত্রয়োদশ, চতুর্দশ, ঊনবিংশ, বিংশ, একবিংশ। |
| অঙ্কবাচক | এক, এগার, তিন |
| পরিমান/গননাবাচক | সপ্তাহ |
| ভগ্নসংখ্যাবাচক | চৌঠা, সিকি, পোয়া, তেহাই, আধা |
| ভগ্নাংশবাচক | তিন ভাগের দুই ভাগ |
| ক্রমবাচক | তৃতীয়, চতুর্থ, পঞ্চম |
| তারিখবাচক | পয়লা, দোসরা, তেসরা, বারোই, চৌঠা |

29. শব্দের শেষে কোনটি যুক্ত হওয়ার পরে আর কিছু যুক্ত হয় না?
(ক) উপসর্গ (খ) প্রত্যয়✓ (গ) প্রকৃতি (ঘ) বিভক্তি

ব্যাখ্যা: ধাতুর সঙ্গে যা যোগ করে শব্দ কিংবা কালরূপ এবং শব্দে যা যোগ করে অন্য শব্দ কিংবা ধাতু হয়, সেগুলোকে প্রত্যয় বলে।

30. 'ভূষণ্ডির কাক' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত?
(ক) কপট (খ) বক ধার্মিক
(গ) দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি✓ (ঘ) সুসময়ের বন্ধু

ব্যাখ্যা: 'ভূষণ্ডির কাক' বাগধারাটি অর্থ: দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি/দীর্ঘজীবী/ অতিবৃদ্ধ ব্যক্তি/অন্যায়ভাবে দীর্ঘজীবী ব্যক্তি।

31. যে উপমায় উপময়ে, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ উপস্থিত থাকে তাকে কী বলা হয়?
(ক) মালোপমা (খ) লুপ্তোপমা (গ) প্রতিবস্তু উপমা (ঘ) পূর্ণোপমা✓

ব্যাখ্যা: যে উপমায় চারটি অঙ্গ- উপময়ে, উপমান, সাধারণ ধর্ম এবং সাদৃশ্যবাচক শব্দ প্রত্যক্ষভাবে বিদ্যমান থাকে, তাকে পূর্ণোপমা বলে। যেমন: 'কাকের চোখের মতো কালোচুল'- এখানে 'চুল'- উপমেয়, 'কাকের চোখ'- উপমান, 'কালো'- সাধারণ ধর্ম এবং 'মতো'- সাদৃশ্যবাচক শব্দ।

জেনে রাখা ভালোঃ
লুপ্তোপমা: যে উপমা অলংকারে উপমেয়ের উল্লেখ থাকেই, কিন্তু অন্য তিনটি অঙ্গের (উপমান- সাধারণ ধর্ম- সাদৃশ্যবাচক শব্দ) যেকোনো একটি, দুটি বা তিনটিই লুপ্ত থাকে (অর্থাৎ, এদের উল্লেখ থাকে না), তার নাম লুপ্তোপমা (লুপ্তা উপমা)।
মালোপমা: যে উপমা অলংকারে উপমেয় একটি এবং উপমান একের বেশি, তার নাম মালোপমা (মালা উপমা)।

32. ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মানদণ্ডকে কী বলা হয়?
(ক) অক্ষর (খ) মাত্রা✓ (গ) পর্ব (ঘ) যতি

ব্যাখ্যা: ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম একককে মাত্রা বলে। অর্থাৎ এক একটি অক্ষর উচ্চারণের নিম্নতম কাল পরিমাপকে মাত্রা বলা হয়। এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে অক্ষর বলে। কবিতা পাঠের সুবিধার্থে প্রতি ছত্রে এক বা একাধিক বিশ্রামস্থানকে যতি বলা হয়।

33. 'তদন্ত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
(ক) অনুশীলন (খ) আরজি
(গ) নিরবশেষ✓ (ঘ) প্রতিরূপীকরণ

34. 'আহ্বান' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?
(ক) আওবান (খ) আহ্বান্ (গ) আহোব্বান (ঘ) আওভান্✓

ব্যাখ্যা: কতিপয় শব্দের উচ্চারণঃ

| প্রদত্ত শব্দ | শুদ্ধ উচ্চারণ |
|---|---|
| অজ্ঞান | অগ্‌গ্যাঁন্ |
| অধ্যাবসায় | ওদ্‌ধাবশায় |
| ঔপন্যাসিক | ওউপোন্‌নাশিক্ |
| আবৃত্তি | আবৃত্‌তি |
| অধিকতর | ওধিকোতরো |
| অনস্বীকার্য | অনোশ্‌শিকারজো |

35. 'কথায় পটু' কোন ধরনের সমাস-
(ক) ব্যতিহার বহুব্রীহি (খ) প্রত্যয়ান্ত বহুব্রীহি
(গ) অলুক বহুব্রীহি✓ (ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি

ব্যাখ্যা: অলুক বহুব্রীহি সমাস: যে বহুব্রীহি সমাসে বিভক্তির লোপ হয় না, তাকে অলুক বহুব্রীহি সমাস বলে। অথবা, যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না, তাকে অলুক বহুব্রীহি বলে। যেমন- হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি, গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে= গায়ে হলুদ, মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি, কথায় পটু যে = কথায়পটু ইত্যাদি।

জেনে রাখা ভালো
বহুব্রীহি সমাস এর প্রকারভেদ-
১) সমাধিকরণ বহুব্রীহি সমাস- এই সমাসে পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হয়। এখানে উভয় পদেই শূন্য বিভক্তি থাকায় এর নাম সমানাধিকরণ। যেমন- দৃঢ় প্রতিজ্ঞা যাহার = দৃঢ়প্রতিজ্ঞ। ব্যতিক্রম- কখনও আবার বিশেষ্যপদটি পূর্বেও বসে। যেমন- লক্ষ্মী


প্রশ্নব্যাংক*ক্লাস*নোট*PDF*ওয়ান*কোর্স*কেয়ার

ছাড়িয়াছে যাকে = লক্ষীছাড়া। কখনও আবার দুটি পদই বিশেষ্য/পূর্বপদটি বিশেষণ ভাবাপন্ন। যেমন- চন্দ্র হয়েছে শেখর যার = চন্দ্রশেখর (শিব), পদ্ম আসন যাহার= পদ্মাসন, নদী মাতা যাহার = নদীমাতৃক।

২) ব্যধিকরণ বহুব্রীহি সমাস- এই বহুব্রীহি সমাসে পূর্বপদটি বিশেষন নয়। এখানে সমস্যমান পদ দুটি পৃথক বিভক্তিযুক্ত হওয়ায় এর নাম ব্যধিকরণ বহুব্রীহি। যেমন- মিলন অন্তে যার = মিলনান্তক, অন্য বিষয়ে মন যার = অন্যমনস্ক।

৩) নঞর্থক বহুব্রীহি সমাস- নঞর্থক বা নাবাচক পদের সঙ্গে বিশেষ্যপদের যে বহুব্রীহি সমাস তাকেই নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন- নেই অর্থ যার = নিরর্থক, বে (নাই) তার যাতে = বেতার।

৪) মধ্যপদলোপী বহুব্রীহি সমাস- ব্যাসকাক্যের মধ্যস্থিত পদের লোপ হয় এই বহুব্রীহি সমাসে। যেমন- ধর্মের (আদর্শের) উদ্দেশে ঘট স্থাপন পূর্বক যে আন্দোলন = ধর্মঘট, কাঞ্চনের প্রভার ন্যায় প্রভা যার = কাঞ্চনপ্রভ।

৫) ব্যতিহার বহুব্রীহি সমাস- পরস্পর একজাতীয় ক্রিয়ার বিনিময় বোঝালে ব্যতিহার বহুব্রীহি সমাস হয়। যেমন- কেশে কেশে আকর্ষণ করে যে যুদ্ধ = কেশাকেশি, হেসে হেসে যে আলাপ = হাসাহাসি।

৬) সহার্থক বহুব্রীহি সমাস- পূর্বপদ বিশেষ্যের সঙ্গে, সহার্থক পরপদের বহুব্রীহি সমাসকে সহার্থক বহুব্রীহি সমাস বলে। যেমন- শ্রদ্ধার সহিত বর্তমান - সশ্রদ্ধ, প্রতিভার সহিত বর্তমান = সপ্রতিভ।

৭) সংখ্যাপূর্বক বহুব্রীহি সমাস- এই বহুব্রীহি সমাসের পূর্বপদটি সংখ্যাবাচক বিশেষণ হয়। যেমন- একদিকেই চোখ যার = একচোখা, দশ আনন যার = দশানন, সে (তিন) তার যার = সেতার।

## English-35

**Read the passage below and answer the questions that follow (question 36-40):**

While many theories have been proposed about the function of dreams, no consensus has emerged. Considering the time we spend in a dreaming state, the fact that researchers do not yet understand the purpose of dreams may seem baffling. However, it is important to consider that science is still unraveling the exact purpose and function of sleep itself. Some researchers suggest that dreams serve no real purpose, while others believe that dreaming is essential to mental, emotional and physical well-being, Some researchers suggest that dreams are a subjective interpretation of signals generated by the brain during sleep. Dreams are not meaningless. Instead, during dreams the cognitive elements in our brain produce new ideas. One theory suggests that dreams are the result of our brains trying to interpret external stimuli during sleep. For example, the sound of the radio may be incorporated into the content of a dream.

**36. The passage is about-**
(ক) the importance of sleep
(খ) understanding the purpose and function of dreams✓
(গ) Freud's interpretation of dreams
(ঘ) why our dreaming state is long

ব্যাখ্যা : Reading the above passage, we get a clear idea about the purpose and the function of dreams.

**37. The passage suggests that-**
(ক) science is still clueless about the real purpose of sleep✓
(খ) dreaming guarantees physical fitness
(গ) brains stop functioning when we sleep
(ঘ) dreams are meaningless

ব্যাখ্যা: This is mentioned in the 3rd line in the passage.

**38. By the 'cognitive elements' of our brain, the passage suggests,**
(ক) the elements are connected to compassion and fellow-feeling
(খ) the sensuous elements stimulate desire
(গ) elements are connected to reassoning and conceptualizing✓
(ঘ) elements directly affect one's spirituality

ব্যাখ্যা : See the 3rd line from the last.

**39. The passage mentions a theory of dream that suggests that when we sleep, we receive stimuli from**
(ক) our memory
(খ) sources inside our body
(গ) our desire
(ঘ) sources that lie outside of the body✓

ব্যাখ্যা : See the 2nd last line. It is mentioned there.

**40. In place of the word 'unravelling' we can use-**
(ক) untangling✓ (খ) entanglin
(গ) twisting (ঘ) ignoring

ব্যাখ্যা : Unraveling- উদঘাটন, Untangling-জটিলতামুক্ত করা, যা পরস্পর সমার্থক। some more important synonym of Unravelling: unwind, untwist, undo, unkink, unsnarl, unknot.

**41. Have you ever---- to Canada?**
(ক) being (খ) go (গ) went (ঘ) been✓

ব্যাখ্যা : Structure of present perfect Tense: Subject + have/has + verb in past participle form + extension. Example: I have never been to Cox's Bazar.

**42. I wish I---a child again.**
(ক) be (খ) am (গ) was (ঘ) were✓

ব্যাখ্যা : Wish, fancy, last night, yesterday ইত্যাদি শব্দ থাকলে verb এর past form হয়। Example: I wish I were a child again.

**43. The child---- like an angel.**
(ক) sleeping (খ) sleep (গ) slept✓ (ঘ) slipped

ব্যাখ্যা : Slept is the appropriate answer here. Sleeping হবে না কারন এর সামনে কোন auxiliary verb নাই। sleep হবে না কারণ present indefinite tense এ subject third person singular number হলে verb এর সাথে s/es যুক্ত হয়।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**44. The host was---- the number of guests.**
ⓚ count ⓚ counted ⓖ counting✓ ⓖ counts

ব্যাখ্যা : Structure of past continuous tense: Subject+ was/were + main verb + ing + extension.
**Example:** The host was counting the number of guests.

**45. It is a bit risky to generalize---- one set of results.**
ক off খ from✓ গ in ঘ about

ব্যাখ্যা : Generalize from – সাধারণীকরণ করা। It is a bit risky to generalize from one set of results- একটি ফলাফলের উপর ভিত্তি করে সাধারণীকরণ করাটা একটু ঝুঁকিপূর্ণ।

**46. Artists have been painting nature----- centuries.**
ক since খ by গ after ঘ for✓

ব্যাখ্যা : Since- point of a time. **Example:** It has been raining since morning. **For-** Period of a time. **Example:** Artists have been painting nature since centuries.

**47. The man died---- hunger.**
ক of ✓ খ to গ about ঘ by

ব্যাখ্যা : Die of- কোনো রোগে মারা যাওয়া, Die from- কোনো কারণে মারা যাওয়া, Die for- আত্মোৎসর্গ করা, Die by- বিষপান করে মারা যাওয়া।

**48. He has great affection----his grandchildren.**
ক to খ after গ with ঘ for✓

ব্যাখ্যা : Affection for- স্নেহ। Some more important appropriate preposition. Admit to- ভর্তি করা, Allot to- বিলি করা, Aloof from- দূরে থাকা, Aptitude for- স্বাভাবিক দক্ষতা, Bound for- যাত্রার জন্য প্রস্তুত।

**49. Choose the correct sentence:**
ক Who belongs to the book?
খ Whom does the book belong?
গ To who the book belongs?
ঘ Who does the book belong to? ✓

ব্যাখ্যা : Who সবসময় ব্যক্তিকে নির্দেশ করে এবং verb এর subject হিসেবে ব্যবহৃত হয়। এক্ষেত্রে structure টি হবে:
Who + verb + object
**Example: Who does the book belong to?**

**50. Wisdom is better than strength. Here 'strength' is a/an**
ক proper noun খ abstract noun✓
গ adverbial noun ঘ collective noun

ব্যাখ্যা : যে Noun দ্বারা Subject এর দোষ, গুণ, অবস্থা বুঝায় বা যে Noun গুলো বাস্তবে স্পর্শ করা অসম্ভব তাকে Abstract Noun বলে। Example: strength, Freedoom, Brave, Coward.

**51. "He who opens a school door, closes a prison," said by**
ক Victor Hugo✓ খ Nelson Mandela
গ Martin Luther King Jr. ঘ Mother Teressa

ব্যাখ্যা : উপরোক্ত উক্তিটি "Victor Hugo" মানবজীবনে শিক্ষার গুরুত্ব উপলব্ধি করাতে ব্যবহার করেছেন।

**52. Which is an appropriate passive form of the sentence 'They are organizing a search party'?**
ক A search party they have organized
খ A search party is being organized by they.
গ A search party by them being organized.
ঘ A search party is being organized by them. ✓

ব্যাখ্যা: Pesent continuous Tense এর Active থেকে Passive করা রনিয়ম: Object এর Subject + Auxiliary verb + being + Main verb এর past participle form + Extension.
**Example:**
Active: They are Organizing a search party.
Passive: A search party is going to be organized

**53. Which sentence maintains subject and verb agreement?**
ক Sumita and her brothers are at school✓
খ Raqib, Salman or Sharmin have visits the park.
গ The man with the colorful birds live on my street.
ঘ One of my uncles are going on a trip to Laos.

ব্যাখ্যা : "and" দ্বারা দুটি subject যুক্ত থাকলে and এর পরবর্তী subject অনুযায়ী verb হয়। Example: Sumita and her brothers are at school and এর পরবর্তী subject plural তাই verb হিসেবে are বসেছে।

**54. I will water the plants tomorrow. Here the word 'water' is**
ক a noun খ a verb✓
গ an adjective ঘ an adverb

ব্যাখ্যা : Water এখানে verb হিসেবে ব্যবহৃত হয়েছে। কিছু কিছু শব্দ Noun এবং verb উভয় হিসেবে ব্যবহৃত হতে পারে এবং তাদের অর্থেরও পরিবর্তন হয়ে যায়।
**Example:**
Water (Noun) - পানি
Waer (verb) - পানি দেওয়া
Face (Noun) - মুখ
Face (verb) - মুখোমুখি হওয়া
Fear (Noun) - ভয়
Fear (verb) - ভয় পাওয়া

**55. Which one is correct in spelling?**
ক Etiquette✓ খ Etiquite
গ Atiqutte ঘ Atiquite

ব্যাখ্যা : Etiquette, Some mare important speeling: satellite, Dilemma, Diarrhea, Commission, Schedule, Entrepreneun.

**56. Choose the right meaning of the idiom 'Hang fire'.**
ক Delay✓ খ Cease গ Hang on ঘ Stop

ব্যাখ্যা : Hang fire- বিলম্ব (Delay) Some more important Idioms:
A man of parts- গুণী ব্যক্তি
A black sheep- কুলাঙ্গার
Beggar description- বর্ণনাতীত
Crying Need- জরুরী প্রয়োজন


•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**57. 'Orpheus' is related to**
ক legends
খ indigenous
গ myths✓
ঘ folk

ব্যাখ্যা : Orpheus একজন গ্রীক কবি, সংগীতকার এবং পুরানবিদ (mythology) ছিলেন। তাই option C সঠিক উত্তর।

**58. Which one is not included in 'Types of Conflict'?**
ক Self conflict✓
খ Value conflict
গ Power conflict
ঘ Economic conflict

ব্যাখ্যা : Conflict ৩ ধরনের। যথা:
(i) Value Conflict (ii) Power Conflict
(iii) Economic Conflict

**59. A warrior of light---- his world with the people he loves.**
ক encourage
খ throws
গ shares✓
ঘ growing

ব্যাখ্যা : অর্থগত দিক দিয়ে সামঞ্জস্য রাখতে Option C ব্যবহার করতে হবে।
A warrior of light shares hig world with the people he loves- উক্ত উক্তিটি
"Paulo coelho" এর "Warrior of light" গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

**60. Which one is a correct sentence?**
ক The sun is a star. ✓
খ Sun is a star
গ The sun is star.
ঘ Sun is star

ব্যাখ্যা : Sun (সূর্য) পৃথিবীর একমাত্র উপগ্রহ তাই এর সামনে The বসে নির্দিষ্ট করে বুঝিয়েছে। অপরদিকে পৃথিবীতে অসংখ্য star (তারা) আছে। তাই এর সামনে a বসে একটি star (তারা) কে বুঝিয়েছে।

**61. Which sentence does not have a misplaced modifier?**
ক While still a girl, I went to the fair with my father. ✓
খ While still a girl, my father sent me to the fair.
গ While still a girl, my father went to the fair with me.
ঘ While still a girl, the fair went with my father and me.

ব্যাখ্যা : Sentence এ ব্যবহৃত modifiers স্পষ্টভাবে ঐ শব্দকে নির্দেশ করে যে শব্দটিকে তারা ব্যাখ্যা করতে চাচ্ছে। উপরোক্ত sentence এ "While still a girl" subject "I" কে modify করতেছে। তাই "A" হবে সঠিক উত্তর।

**62. Which one is correct is spelling?**
ক Personel
খ Personale
গ Personnel✓
ঘ Personnal

ব্যাখ্যা: Some more important spellings. Rhetoric, Millionaire, Occurrence, Parallel, Presumptuous, Phenomenon.

**63. You have made your bed and now you may----- on it.**
ক lie ✓
খ lay
গ lain
ঘ laid

ব্যাখ্যা : Lie- শোয়া, বিশ্রাম নেওয়া, Lay- কোনো বস্তু কোনো কিছুর উপর রাখা।
উপরোক্ত sentence এ বিছানায় শোয়ার কথা বলা হয়েছে তাই "Lie" হবে সঠিক উত্তর।

**64. The setting of the story "A Mother is Mannville" is in the-**
ক Summer
খ Autumn
গ Winter✓
ঘ Fall

ব্যাখ্যা : "Marjorie Kinnan Rawlings" লিখিত ছোটগল্প "A Mother of Mannvile" এর প্রেক্ষাপট শীতকাল কেন্দ্রিক।

**65. Which one of th pairs shows a similar relationship to Water: Bottle?**
ক Balloon: Sky
খ Doctor: Hospital
গ Pen : Ink
ঘ Milk: Cup✓

ব্যাখ্যা : Water (পানি) রাখার একটি পাত্র Bottle (বোতল) একইভাবে, Milk (দুধ) রাখার একটি পাত্র Cup (পেয়ালা)

**66. He replied that <u>he would come</u>. The underlined part of the sentence is a/an**
ক noun clause✓
খ adverb clause
গ relative clause
ঘ adjective clause

ব্যাখ্যা : যে clause Noun এর জায়গায় ব্যবহৃত হয় তাকে Noun clause বলে। এটি একটি Dependent clause. Noun clause subject, object যেকোন জায়গায় বসতে পারে।

**67. The word 'emancipation' means-**
ক manifestation
খ liberation✓
গ participation
ঘ expectation

ব্যাখ্যা : Emancipation অর্থ মুক্তি/স্বাধীনতা Liberation অর্থ স্বাধীণতা। তাই Option B সঠিক উত্তর। Some more important synonyms of Exancipation: release, releasing, frecing, unchaining, unfettering.

**68. A disease that affects a large number of people within a community is called**
ক pandemic
খ paramedic
গ infection
ঘ epidemic✓

ব্যাখ্যা : Epidemic অর্থ মহামারি। কোনো ব্যধি একটি দেশ বা জাতির মধ্যে বহুসংখ্যক লোকজনকে আক্রান্ত করলে তাকে Epidemic বা মহামারি বলে।

**69. The adjective of the word 'Mountain' is---**
ক mounting
খ mountainly
গ mountainous✓
ঘ mountany

ব্যাখ্যাঃ Mountain অর্থ পাহাড়, যা একটি Noun. Mountanious অর্থ পাহাড়ী বা পাহাড় সম্বন্ধীয় যা একটি Adjective.

**70. Which word is wrongly spelt?**
ক Reminiscence
খ Receive
গ Reciept✓
ঘ Recede

ব্যাখ্যা : Reciept- রশিদ।
Some important spellings: Dilemma, Dilapidated, Applause, Allergy, Allottee Denise.


•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণজ্ঞান- ৩০

71. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
(ক) ৫.১০ কিমি (খ) ৬.১৫ কিমি✓
(গ) ৭.০৯ কিমি (ঘ) ৮.১১ কিমি

**ব্যাখ্যা ঃ** পদ্মা সেতু বাংলাদেশের পদ্মা নদীর উপর নির্মিত একটি বহুমুখী সড়ক ও রেল সেতু। এর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হয়েছে, দুই স্তর বিশিষ্ট স্টিল ও কংক্রিট নির্মিত ট্রাস ব্রিজটির (truss bridge) ওপরের স্তরে রয়েছে চার লেনের সড়ক পথ এবং নিচের স্তরটিতে রয়েছে একটি একক রেলপথ। পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীর আববাহিকায় ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪১ টি স্প্যান রয়েছে এবং পিলার সংখ্যা ৪২ টি। সেতুটি ৬.১৫ কি.মি. দৈর্ঘ্য এবং ১৮.১০ মিটার প্রস্থ বিশিষ্ট এবং সেতুটি নকশায় রয়েছে- AECOM, ও নির্মাণ প্রতিষ্ঠান হিসেবে কাজ করেছে- চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন কোম্পানি লিঃ। সেতুটির নির্মাণ কাজ ৭ ডিসেম্বর ২০১৪ ইং তারিখ হতে শুরু হয় এবং ২০২২ সালের ২৫ জুন সেতুটি উদ্বোধন করা হয়।

72. 'সবার জন্য শিক্ষা' শ্লোগানটি কোথায় মুদ্রিত আছে?
(ক) এক টাকার নোটে (খ) দুই টাকার নোটে
(গ) পাঁচ টাকার মুদ্রায় (ঘ) দুই টাকার মুদ্রায়✓

**ব্যাখ্যা ঃ** ২০০৪ সালে "স্টীল" এর তৈরী ২ টাকার মুদ্রা ইস্যু হয়। এই মুদ্রার নকশার অভিমুখদিকে ছিল বাংলাদেশের জাতীয় প্রতীক। জাতীয় প্রতীকের কেন্দ্রে রয়েছে পানিতে ভাসমান একটি শাপলা ফুল, শাপলা ফুলটিকে বেষ্টন করে আছে ধানের দুটি শীষ। চূড়ায় পাটগাছ পরস্পরযুক্ত। তিনটি পাতা এবং পাতার উভয়পার্শ্বে দুটি করে মোট চারটি তারকা। এই মুদ্রার বিপরীতভাগে আছে দুটি শিশু (ছেলে এবং মেয়ে) বই পড়ছে। এছাড়াও মুদ্রাটি প্রকাশের বছর, বাংলাদেশ লেখা, মুদ্রাটির মান অঙ্কে ও ভাষায় লেখা এবং "সবার জন্য শিক্ষা" এই শ্লোগানটি লেখা রয়েছে।

73. 'মুজিব শতবর্ষ' লোগোর নকশাকার কে?
(ক) হাশেম খান (খ) সব্যসাচী হাজরা✓
(গ) মুস্তফা মনোয়ার (ঘ) শিশির ভট্টাচার্য

**ব্যাখ্যা ঃ** 'মুজিব শতবর্ষ'- এর লোগার ডিজাইন করেন বিশিষ্ট শিল্পী সাব্যসাচী হাজরা। ২০২০ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবসের অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মুজিব বর্ষের ক্ষণগণনা উদ্বোধন করেন এবং এই দিনেই মুজিব বর্ষের অফিসিয়াল লোগো উন্মোচন করা হয়।

74. কোনটি করোনা ভাইরাসের ভ্যারিয়েন্ট নয়? **উত্তর ঃ নাই**
(ক) ডেল্টা (খ) মিউ (গ) অমিক্রন (ঘ) জিটা

**ব্যাখ্যা ঃ** প্রশ্নের সকল অপশনগুলোই করোনা ভাইরাসের ভ্যারিয়েন্ট হিসেবে পরিচিত। করোনার প্রধান ভ্যারিয়েন্টগুলো হলো: আলফা, বিটা, গামা, ডেল্টা, অমিক্রন, জিটা, মিউ। বিশেষজ্ঞরা মূলত ৪টি ভ্যারিয়েন্ট আলফা, বিটা, গামা, ডেল্টা ভ্যারিয়েন্টকে অধিক শক্তিশালী হিসেবে চিহ্নিত করেছেন।

75. দোনবাস কী?
(ক) রাশিয়ার একটি পারমাণবিক স্থাপনা
(খ) ইউক্রেনের প্রধান সমুদ্রবন্দর
(গ) ইউক্রেন ও পোল্যান্ডের বিরোধপূর্ণ অঞ্চল
(ঘ) ইউক্রেন ও রাশিয়ার মধ্যকার একটি যুদ্ধক্ষেত্র✓

**ব্যাখ্যা ঃ** দোনবাস দক্ষিণ-পূর্ব ইউক্রেনের একটি ঐতিহাসিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অঞ্চল, যার কিছু অঞ্চল রুশ-ইউক্রেনীয় যুদ্ধের সময় দুটি বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী নিজেদেরকে দোনেৎস্ক ও লুহানস্ক গণতান্ত্রিক বলে অভিহিত করে। দোনবাস শব্দটি একটি পোর্টম্যানটিউ, যা "দোনেৎস কয়লা অববাহিকা"-এর সংক্ষিপ্ত রূপ দোনেৎস অববাহিকা থেকে গঠিত হয়েছে।

76. ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে কোন জাতীয়তাবাদ মুখ্য ভূমিকা পালন করেছিল?
(ক) বাংলাদেশী (খ) বাঙালি✓ (গ) ধর্মীয় (ঘ) সাংস্কৃতিক

**ব্যাখ্যাঃ** বাঙালি জাতীয়বাদ হল একটি রাজনৈতিক অভিব্যক্তি যার মাধ্যমে প্রাচীন কাল থেকে দক্ষিণ এশিয়াতে বসবাসরত বাঙালি জাতি, তথা বাংলা ভাষাগত অঞ্চলের অধিবাসীদের বুঝানো হয়ে থাকে। বাঙালি জাতি উপমহাদেশের একটি অন্যতম জাতীয়তাবাদী চেতনায় প্রভাবিত এক প্রভাবশালী জাতি। বাঙালি জাতিকে উপমহাদেশের ব্রিটিশ বিরোধী আন্দোলনের রূপকার বলা হয়ে থাকে। অবিভক্ত বংলা পরবর্তীতে ব্রিটিশ চক্রান্তে বিভক্ত করা হয়। প্রাচীন বঙ্গদেশ অর্থাৎ বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম ও আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বসবাসকারী মানব সম্প্রদায়ের একতাবদ্ধ পরিচয়কে বাঙালি জাতীয়তাবাদ বলা হয় যাদের ইতিহাস অন্তত চার হাজার বছর পুরোনো। এদের মাতৃভাষা বাংলা। ১৯ শতকে উদ্ভূত বাংলার নবজাগরণ এবং ভারতীয় স্বাধীনতা আন্দোলন, বাংলা ভাষা আন্দোলন, বাংলাদেশ মুক্তিযুদ্ধ এবং ১৯৭১ সালে বাংলাদেশও একটি অবিভক্ত স্বাধীন বাংলা সৃষ্টির পেছনে প্রধান অনুপ্রেরণা হিসাবে কাজ করছে।

77. অসাম্প্রদায়িক মূল্যবোধের প্রধান নিয়ামক কোনটি?
(ক) ধর্ম ও বর্ণের নির্দিষ্টতার প্রয়োগ নেই✓ (খ) সকল মানুষ সমান
(গ) মানুষ সামাজিক জীব (ঘ) আইনের শাসন

**ব্যাখ্যাঃ** অসম্প্রদায়িকতাবাদ বা অসাম্প্রদায়িকতা (ইংরেজি: Cosmopolitanism) হল একটি আদর্শিক মতবাদ যেখানে সকল মানুষ পরস্পারিক নৈতিকতা ভাগাভাগির বা বিনিময়ের মাধ্যমে একটি একক সম্প্রদায়ের সদস্য হবে।

78. সামাজিক অসমতার প্রাতিষ্ঠানিক প্রকাশরূপ হলো-
(ক) সামাজিক স্তরবিন্যাস✓ (খ) সামাজিক গতিশীলতা
(গ) সামাজিক সমস্যা (ঘ) অনুন্নয়ন

**ব্যাখ্যা ঃ** সামাজিক অসমতার প্রাতিষ্ঠানিক প্রকাশরূপ হলো- সামাজিক স্তরবিন্যাস। সামাজিক স্তরবিন্যাস হলো এমন একটি ব্যবস্থা যেখানে অর্থ, সম্পদ, মেধা, বংশ, শিক্ষা, বয়স, পেশা, লিঙ্গ, ক্ষমতা ইত্যাদির ভিত্তিতে সমাজের বিদ্যমান জনসংখ্যাকে বিভিন্ন স্তরে বিভক্ত করা হয়। জন্মসূত্রে সকল মানুষ সমান এমন মানবতাবাদী দর্শন পৃথিবীতে চালু থাকলেও বিশ্বের ইতিহাসের দিকে তাকালে এমন কোন সমাজ পাওয়া যাবে না যেখানে মানুষে মানুষে পার্থক্য নেই। সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন। সব যুগে সবকালে সব সমাজই স্তরায়িত।

79. প্রতিটি সংঘের নির্দিষ্ট নাম ও ---- থাকে।
(ক) ঠিকানা (খ) প্রতীক (গ) উদ্দেশ্য✓ (ঘ) গোষ্ঠী

**ব্যাখ্যাঃ** ম্যাকাইভার ও পেজের মতামত অনুযায়ী, এক বা একাধিক উদ্দেশ্য সাধনের জন্য কোনো গোষ্ঠী যখন একত্রিত হয় তখন তাকে সংঘ বলে।

80. শিল্পায়ন ও নগরায়ণের ফলে কোন ধরনের পরিবার গড়ে ওঠে?
(ক) যৌথ পরিবার (খ) বর্ধিত পরিবার
(গ) অণু পরিবার✓ (ঘ) পিতৃতান্ত্রিক পরিবার

**ব্যাখ্যাঃ** স্বামী-স্ত্রী ও তাদের অবিবাহিত সন্তান-সন্তুতি নিয়ে গঠিত পরিবারকে অণু বা একক পরিবার বলে। আমাদের দেশের শহরাঞ্চলের অধিকাংশ পরিবারই একক পরিবার।

81. কার্ল মার্কসের সামাজিক স্তরবিন্যাস তত্ত্বের ভিত্তি কী?
(ক) আসাবিয়া (খ) সামাজিক সংহতি
(গ) অর্থনীতি✓ (ঘ) আদর্শ-নমুনা

**ব্যাখ্যাঃ** বিখ্যাত জার্মান দার্শনিক কার্ল মার্কস সামাজিক স্তরবিন্যাস বলতে বুঝিয়েছে অর্থনৈতিক অবস্থার ভিত্তিতে মানুষের মধ্যকার বিভাজন।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

82. কোন লেখকদ্বয়ের লেখনী ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেছিল?
(ক) প্লেটো ও রুশো (খ) প্লেটো ও এরিস্টটল
(গ) রুশো ও ভলতেয়ার✓ (ঘ) শেক্সপিয়ার ও ভলতেয়ার

ব্যাখ্যা : জঁ-জাক রুশো (১৭১২–১৭৭৮) ফরাসি বিপ্লবের মূল কারিগর হিসেবে পরিচিত। ১৪ জুলাই ১৭৮৯ বাস্তিল দুর্গের পতনের মধ্য দিয়ে এ বিপ্লব শুরু হয়। ফরাসি বিপ্লবের মূলমন্ত্র হলো 'সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্ব'। রুশো প্রথম উল্লেখ করেন: "Man is born free, but everywhere he is in chain" অর্থাৎ মানুষ জন্মগতভাবে স্বাধীন, কিন্তু সমাজ তাকে শৃঙ্খলিত করে। "ল্যা-কন্ত্রা সোসিয়াল" গ্রন্থে উল্লেখিত এই বাণী ফরাসি জনগণের বিপ্লবে অনুপ্রাণিত করে। ভলতেয়ারের প্রকৃত নাম: ফ্রঁসোয়া মারি আরুয়ে। তার বিখ্যাত রচনা Candide।

83. বঙ্গভঙ্গ- এর প্রতিক্রিয়ায় গড়ে ওঠা আন্দোলনের নাম কী?
(ক) খেলাফত আন্দোলন (খ) অসহযোগ আন্দোলন
(গ) ওয়াহাবি আন্দোলন (ঘ) স্বদেশী আন্দোলন✓

ব্যাখ্যা : স্বদেশী আন্দোলনের উৎস ছিল ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী গণজাগরণ। লর্ড কার্জন ১৬ অক্টোবর ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকর করেন বঙ্গভঙ্গর ফলে: পূর্ববঙ্গ ও আসাম নামে নতুন প্রদেশ সৃষ্টি হয়। বঙ্গভঙ্গের প্রতিবাদে কলকাতার হিন্দুরা স্বদেশী আন্দোলন শুরু করে যার মূল কথা বিদেশী পণ্য বর্জন। সম্রাট পঞ্চম জর্জ ১৯১১ সালে ১২ ডিসেম্বর বঙ্গভঙ্গ রদ ঘোষণ করেন।

84. চরমপত্র কী?
(ক) স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠান✓
(খ) বিবিসি থেকে প্রচারিত অনুষ্ঠান
(গ) বাংলাদেশ টেলিভিশন থেকে সম্প্রচারিত অনুষ্ঠান
(ঘ) রেডিও পাকিস্তান থেকে প্রচারিত অনুষ্ঠান

ব্যাখ্যা: ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের মনোবল বাড়ানোর জন্য স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে এম আর আখতার মুকুল চরমপত্র অনুষ্ঠানটি পরিচালনা করতেন। ২৫মে ১৯৭১ থেকে শুরু হওয়া চরমপত্র এর রচয়িতা, কণ্ঠদাতা ও পরিচালক হলেন এম আর আখতার মুকুল।

85. রাজনৈতিক স্বাধীনতার সঠিক উদাহরণ কোনটি?
(ক) শিক্ষা লাভ (খ) ভোটদান✓
(গ) পরিবার গঠন (ঘ) চাকুরি প্রাপ্তি

ব্যাখ্যা : রাজনৈতিক স্বাধীনতাগুলো হলো:
১. ভোটদান ২. প্রার্থীতা ৩. নিরপেক্ষ মতামত প্রকাশ ৪. সরকারী চাকুরী

86. বেঙ্গল প্যাক্ট কী?
(ক) একটি চুক্তি✓ (খ) রাজনৈতিক দল
(গ) কারখানার নাম (ঘ) একটি বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা : বেঙ্গল প্যাক্ট একটি চুক্তি যা ১৯২৩ খ্রিষ্টাব্দে বাংলার মুসলিম ও হিন্দুদের মধ্যে সাম্প্রদায়িক পার্থক্যজনিত সমস্যা সমাধানকল্পে সম্পাদিত হয়েছিল। চুক্তির উদ্যোক্তা ছিলো চিত্তরঞ্জন দাশ। এই চুক্তিতে হোসেন শহীদ সোহরাওয়ার্দীর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।

87. টেরাকোটা কী?
(ক) মাটির ফলক (খ) পোড়ামাটির ফলক✓
(গ) লাল ইট (ঘ) প্লাস্টিক সামগ্রী

ব্যাখ্যা: টেরাকোটা একটি লাতিন শব্দ: 'টেরা' অর্থ মাটি, আর 'কোটা' অর্থ পোড়ানো। মানুষের ব্যবহার্য পোড়ামাটির তৈরি সকল রকমের দ্রব্য টেরাকোটা নামে পরিচিত। আঠালো মাটির সঙ্গে খড়কুটো, তুষ প্রভৃতি মিশিয়ে কাদামাটি প্রস্তুত করা হয়। সেই মাটি থেকে মূর্তি, দৃশ্যাবলি তৈরি করে রোদে শুকিয়ে আগুনে পুড়িয়ে টেরাকোটা ভাস্কর্য তৈরি করা হয়। মানবসভ্যতার বিকাশকাল হতে পোড়ামাটির ভাস্কর্যের ব্যবহার পরিলক্ষিত হচ্ছে। সুমেরীয় সভ্যতা, ব্যাবীলনীয় সভ্যতা, মায়া সভ্যতায় এই শিল্পের প্রচলন ছিল। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশে মৌর্য সাম্রাজ্য, গুপ্ত সাম্রাজ্য-এর বহু টেরাকোটার নিদর্শন পাওয়া গেছে।

88. কোন ব্যাখ্যা ব্যক্তি ভেদে সর্বদা ভিন্ন হয়?
(ক) সাধারণ✓ (খ) লৌকিক (গ) বৈজ্ঞানিক (ঘ) যথার্থ

ব্যাখ্যা :
- সাধারণ ব্যাখ্যা অর্থ ব্যক্তি বিশেষের আলাদা আলাদা নিজস্ব ব্যাখ্যা। সাধারণ ব্যাখ্যা ছাড়া বাকিগুলো ভিন্ন হতে পারে না।
- যথার্থ ব্যাখ্যা অর্থ যা সঠিক তাই বলা।
- বৈজ্ঞানিক ব্যাখ্যা অর্থ বৈজ্ঞানিকভাবে পরীক্ষিত কোনো পরীক্ষার ব্যাখ্যা।
- লৌকিক ব্যাখ্যা অর্থ প্রচলিত ব্যাখ্যা, যা অনেকদিন থেকে চলে আসছে।

89. যুক্তিবিদ্যা যার সঠিকতা নিয়ে ব্যাপৃত থাকে তা হলো-
(ক) আচরণ (খ) ধারণা (গ) চিন্তা✓ (ঘ) কল্পনা

ব্যাখ্যা : যুক্তিবিদ্যার ইংরেজী প্রতিশব্দ Logic এসেছে গ্রীক শব্দ "Logos" থেকে । যার অর্থ চিন্তা বা শব্দ। সুতরাং বুৎপত্তিগতভাবে যুক্তিবিদ্যা হলো চিন্তার বিজ্ঞান । কিন্তু যুক্তিবিদ্যা শব্দটা অনুসরণ করলে একে বরং 'যুক্তির বিজ্ঞানই' বলা উচিত এবং সচারচর তাই হয়ে থাকে।

90. সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত কত?
(ক) ৫ : ১১✓ (খ) ১২ : ৬ (গ) ১১ : ৫ (ঘ) ১১ : ৬

ব্যাখ্যা : চাঁদ ও সূর্যের আকর্ষণের কারণে জোয়ার ভাটা হয়। চাঁদ পৃথিবীর নিকটে অবস্থিত হওয়ার কারণে সূর্য অপেক্ষা পৃথিবীতে চাঁদের আকর্ষণ বেশি অনুভূত হয়। সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত ৫ : ১১। অমাবস্যা ও পূর্ণিমাতে ভরা কটাল হয়।

91. এল নিনো ঘটাতে পারে-
(ক) কাদা ধস (খ) বন্যা (গ) খরা (ঘ) সবগুলোই✓

ব্যাখ্যা : স্প্যানিশ শব্দ এল নিনো এর অর্থ ছোট্ট বালক। ভূগোলে এর অর্থ উত্তর থেকে দক্ষিণে প্রবাহিত উষ্ণ বাতাসকে বোঝায়, যার প্রভাবে প্রশান্ত মহাসাগরের পূর্ব উপকূলে ঝড়বৃষ্টি, বন্যার এবং পশ্চিম উপকূলে খরার প্রাদুর্ভাব ঘটে।

92. তিস্তা নদীর উৎপত্তিস্থল কোথায়?
(ক) লুসাই পর্বত (খ) মানোস সরোবর
(গ) খাগড়াছড়ি পর্বত (ঘ) সিকিম পর্বত✓

ব্যাখ্যা :

| নদীর নাম | উৎপত্তিস্থল |
|---|---|
| পদ্মা (গঙ্গা) | হিমালয় পর্বতের গাঙ্গোত্রী হিমবাহ |
| মেঘনা | আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড় |
| মহানন্দা | হিমালয় পর্বতমালার মহালদিরাম পাহাড়ে |
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের কৈলাসশৃঙ্গের মানস সরোবর হ্রদ |
| করতোয়া, তিস্তা | সিকিমের পার্বত্য অঞ্চল |
| কর্ণফুলী | আসামের লুসাই পাহাড়ের লংলেহ |
| সুরমা | নাগমনিপুরি পাহাড়ের দক্ষিনাংশ |

93. পণ্যের দাম স্থিতিস্থাপকতার নির্ধারক নয় কোনটি?
(ক) পণ্যের প্রকৃতি
(খ) পণ্য ক্রয়ে আয়ের আনুপাতিক ব্যয়
(গ) পণ্যে বিক্রেতার সংখ্যা✓
(ঘ) পণ্যের বিকল্প ও পরিপূরকের পর্যাপ্ততা

ব্যাখ্যা : বাকি অবস্থাগুলো অপরিবর্তিত থেকে দামের পরিবর্তনের সাথে চাহিদার পরিবর্তনের হারকে দাম স্থিতিস্থাপকতা বলে। দাম স্থিতিস্থাপকতার নির্ধারকসমূহ:
* ভোক্তার অভ্যাস ও আয়ের পরিমাণ
*দ্রব্যের প্রকৃতি
* দ্রব্যের দাম।
* বিকল্প ও পরিপূরক দ্রব্যের উপস্থিতি



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**94.** কোনটি প্রধান সামষ্টিক অর্থনৈতিক চলক নয়?
(ক) জিডিপি প্রবৃদ্ধির হার (খ) বেকারত্বের হার
(গ) মুদ্রাস্ফীতির হার (ঘ) স্বয়ম্ভুত বিনিয়োগ✓

**ব্যাখ্যা :** অর্থনীতি আওতাভুক্ত কোনো বিষয়কে যখন সামগ্রিক বা জাতীয় পর্যায়ে বিশ্লেষণ করা হয়, তখন তাকে সামষ্টিক অর্থনীতি বলে। যেমন: সামগ্রিক চাহিদা।

**95.** ভোগ অপেক্ষক $C = a + bY_n$ এর মান কত হতে পারে?
(ক) –১ (খ) ০.৭ (গ) ৩ (ঘ) ∝ ✓

**ব্যাখ্যা :** অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে ভোগ শুধু আয়ের উপর নির্ভরশীল অর্থাৎ আয় বাড়লে ভোগ বাড়ে আয় কমলে ভোগ কমে, একে ভোগ অপেক্ষক বলে।
ভোগ অপেক্ষক $C = a + bY_D$ যা অসীম।
এখানে C = ভোগ ব্যায়, আয় = yd, b = ভোগ অপেক্ষক ঢাল।

**96.** অর্থনীতিতে 'দীর্ঘকাল' বলতে কী বোঝায়?
(ক) ১ বছরের কম সময়
(খ) ১০ বছরের বেশি সময়
(গ) যে সময়কাল উৎপাদনের সব উপকরণই পরিবর্তনশীল✓
(ঘ) যে সময়কালে কমপক্ষে ১টি উপকরণ পরিবর্তনশীল

**ব্যাখ্যা :** অর্থনীতিতে স্বল্পকাল বলতে স্বল্প সময়কে বোঝায় না, বরং সেই সময়কালকে বোঝায় যে সময়কালে উৎপাদনের সব উপকরণ অপরিবর্তিত থাকে। অপরদিকে দীর্ঘকাল বলতে বোঝায় যে সময়কালে উৎপাদনের সব উপকরণই পরিবর্তনশীল।

**97.** জিডিপি-তে কোনটি অন্তর্ভূক্ত?
(ক) গৃহিণীর গৃহস্থালির কাজ
(খ) রপ্তানীকৃত পণ্য হতে অর্জিত অর্থ✓
(গ) অবৈধ ব্যবসা হতে উৎসারিত আয়
(ঘ) রেমিটেন্স

**ব্যাখ্যা :** একটি দেশের অভ্যন্তরে এক বছরে চূড়ান্তভাবে উৎপাদিত দ্রব্য ও সেবার বাজারে সামষ্টিক মূল্যই হচ্ছে মোট দেশজ উৎপাদন (জিডিপি বা গ্রোস ডমেস্টিক প্রডাক্ট)। আগের বছরের তুলনায় পরের বছরে এ উৎপাদন যে হারে বাড়ে সেটি হচ্ছে জিডিপির প্রবৃদ্ধি। জিডিপি একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান সূচক।

**98.** কম্পিউটার চালু হওয়ার সময় কোনটি প্রথমে ব্যবহৃত হয়?
(ক) Cache (খ) RAM (গ) DRAM (ঘ) ROM✓

**ব্যাখ্যা :** কম্পিউটার চালু হওয়ার পর কম্পিউটার তার মাদারবার্ডের চিপে থাকা ফার্মওয়্যার এর BIOS রান করে। BIOS বলতে Basic Input Output System বোঝায়। ROM একটি ফার্মওয়্যার যা কম্পিউটার চালু হওয়ার পর প্রথম ব্যবহৃত হয়।

**99.** Google Drive কী ধরনের স্টোরেজ?
(ক) প্রাইমারি (খ) নেটওয়ার্ক (গ) ক্লাউড✓ (ঘ) ভোলাটাইল

**ব্যাখ্যা :** Google Drive, Google Corporation কর্তৃক তৈরিকৃত একটি জনপ্রিয় ক্লাউড স্টোরেজ সার্ভিস। এককথায় একে অনলাইন ফাইল স্টোরেজ সার্ভিস বলা হয়। এখানে প্রয়োজনীয় ফাইল, ইমেজ, ভিডিও, ডকুমেন্টস্ ইত্যাদি আপলোড করে সংরক্ষণ করা হয়।

**100.** বাংলা ভাষাকে কম্পিউটারে অন্তর্ভূক্ত করার জন্য কোন কোডটি ব্যবহার হয়?
(ক) UNICODE✓ (খ) ASCH
(গ) BCD (ঘ) BARCODE

**ব্যাখ্যা :** ইউনিকোড এর পূর্ণরূপ হলো – Universal Code. বিশ্বের সকল ভাষাকে কম্পিউটারের কোডভুক্ত করার জন্য বড় কোম্পানিগুলো একটি মান তৈরি করেছেন যাকে ইউনিকোড বলা হয়। একে সার্বজনীন কোডও বলা যায় । বর্তমানে পৃথিবীব্যাপী প্রচলিত আসকি কোডের পাশাপাশি ইউনিকোড সিস্টেম চালু হয়েছে। এটি ১৬ বিট কোড।
১৯৯১. সালে অ্যাপল কম্পিউটার কর্পোরেশন এবং Xerox Corporation এর একদল কম্পিউটার প্রকৌশলী পৃথিবীর সব ভাষাভাষীর জন্য তাদের ভাষায় কম্পিউটিং করা সহজ করার লক্ষ্যে যৌথভাবে ইউনিকোড উদ্ভাবন করেন। Unicode Consortium এর সদস্য হয়ে বাংলা ভাষাও ইউনিকোডভুক্ত হয়েছে।

লাইব্রেরিতে পাওয়া যাচ্ছে
ঢাবি, জাবি, রাবি, চবি, GST গুচ্ছ, সমন্বিত কৃষি, ইঞ্জিনিয়ারিং গুচ্ছ সহ সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য রচিত
বিজয় শর্ট সিলেবাস
মডেল টেস্ট


বিষয় ভিত্তিক প্রায় ৫ হাজার এক্সক্লুসিভ MCQ


•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার